

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজির কার্যালয়
রাজশাহী
www.digrajshahirange.gov.bd

স্মারক নং-রাজ-রেঞ্জ/ক্রাইম অ্যানালাইসিস/ ২৪৬/১৬(৭)

তারিখ: ০৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

রাজশাহী রেঞ্জ পুলিশের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর সংযোজনী-৮ এ উল্লিখিত তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা এর ২.২ সূচক অনুযায়ী 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা'র (জুম অনলাইন-এ অনুষ্ঠিত) কার্যবিবরণী।


সভাপতি : জনাব ফয়সল মাহমুদ পিপিএম
অ্যাডিশনাল ডিআইজি (প্রশাসন ও অর্থ)
রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
সভার তারিখ : ২৭/০৩/২০২৪ খ্রি.
সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা
সভার স্থান : পদ্মা কনফারেন্স হল, রেঞ্জ কার্যালয়, রাজশাহী

উপস্থিত কর্মকর্তাগণের পদবী:

- ১। অ্যাডিশনাল ডিআইজি (প্রশাসন ও অর্থ), রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
- ২। অ্যাডিশনাল ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট), রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
- ৩। অ্যাডিশনাল ডিআইজি (অপারেশনস), রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
- ৪। পুলিশ সুপার (অপারেশনস), রেঞ্জ কার্যালয়, রাজশাহী
- ৫। পুলিশ সুপার (ট্রাফিক), রেঞ্জ কার্যালয়, রাজশাহী
- ৬। সহকারী পুলিশ সুপার (স্টাফ অফিসার টু ডিআইজি), রেঞ্জ কার্যালয়, রাজশাহী
- ৭। সহকারী পুলিশ সুপার (অপারেশনস অ্যান্ড ক্রাইম), রেঞ্জ কার্যালয়, রাজশাহী

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং পুলিশ সুপার (অপারেশনস) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে তার বক্তব্য উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। পুলিশ সুপার (অপারেশনস) ও এপিএ ফোকাল পয়েন্ট, রাজশাহী রেঞ্জ পুলিশের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর সংযোজনী-৮ এ উল্লিখিত তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা এর ২.২ সূচক অনুযায়ী 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা'য় তার বক্তব্য উপস্থাপন করেন।

সভাপতি মহোদয় তার সমাপনী বক্তব্যে পুলিশ সুপার (অপারেশনস) ও ফোকাল পয়েন্ট (এপিএ) এর কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং বর্তমানে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুততার সাথে বাস্তবায়নের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করেন। সভায় আর কোন আলোচনার বিষয়বস্তু না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/৩/২৪
মোহাম্মদ মনিরুল ইসলাম
বিপি -৭৪০৫১০৪৮৯২
পুলিশ সুপার (অপারেশনস) ও
ফোকাল পয়েন্ট (এপিএ)
রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহী